# স্নাতক পাঠক্রম ( B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) :

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

# অর্থনীতি ( Economics )

*সহায়ক পাঠক্রম-২ ( Subsidiary-2 )*

পঞ্চম পত্র [ **S-2** : **International Trade & Development Economics (SEC-5)** ]

**সময় ঃ তিন ঘণ্টা** — **পূর্ণমান ঃ ১০০**

Time : 3 Hours — Full Marks : 100

( মানের গুরুত্ব ঃ ৭০% )

( Weightage of Marks : 70% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

**Special credit will be given for accuracy and relevance in the answer. Marks will be deducted for incorrect spelling, untidy work and illegible handwriting. The weightage for each question has been indicated in the margin.**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) ''যদিও রিকার্ডোর তত্ত্ব এবং হেক্সচার-ওলীনের তত্ত্ব আপেক্ষিকভাবে সমান কিন্তু তাদের মধ্যে অনেক পার্থক্যও আছে।'' দুটি তত্ত্বের মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করে তাদের মধ্যে তুলনামূলক পার্থক্য নির্ণয় করুন।

দুই-এর অধিক দ্রব্যের ক্ষেত্রে তুলনামূলক ব্যয় পার্থক্যের তত্ত্ব কিভাবে প্রযোজ্য তা আলোচনা করুন।

১০ + ১০





(খ) কিভাবে একটি দেশ তার বাণিজ্য নিয়ন্ত্রণ করে থাকে ? এই নিয়ন্ত্রণের ফলে অর্থনীতিতে কি প্রভাব পড়ে ? এই পরিপ্রেক্ষিতে স্টল্‌পার-স্যামুয়েলসন তত্ত্বটি আলোচনা করুন। ৪ + ৬ + ১০

(গ) বাণিজ্য উদ্বৃত্ত ও লেনদেন উদ্বৃত্ত কাকে বলে ? তাদের মধ্যে সম্পর্ক কি ? স্বয়ংক্রিয় লেনদেন এবং সমন্বয়কারী লেনদেনের তাৎপর্য উদাহরণসহ বিশ্লেষণ করে তাদের মধ্যে পার্থক্য নির্ণয় করুন। ৫ + ৫ + ১০

(ঘ) রাজস্ব নীতি বলতে কি বোঝানো হয় ? একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে রাজস্ব নীতির ভূমিকা আলোচনা করুন। রাজস্ব নীতি প্রয়োগ করে কিভাবে বাণিজ্য চক্রের উত্থান পতনের হাত থেকে দেশের অর্থনীতিকে রক্ষা করা যায় তা আলোচনা করুন। ৪ + ৬ + ১০

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) রিকার্ডোর তুলনামূলক ব্যয় তত্ত্বে উৎপাদন ব্যয় স্থির বলে মনে করা হয়। কিন্তু যদি উৎপাদন ব্যয় ক্রমবর্ধমান হয় তাহলে বাণিজ্য থেকে লাভ কিভাবে উদ্ভূত হবে তা উৎপাদন সম্ভাবনা রেখার মাধ্যমে ব্যাখ্যা করুন।

দুই-এর অধিক দেশের ক্ষেত্রে তুলনামূলক ব্যয় পার্থক্য তত্ত্বটি প্রযোজ্য হবে কিনা ব্যাখ্যা করুন। ৬ + ৬

(খ) ''লেনদেন ভারসাম্য সর্বদা ভারসাম্য অবস্থায় থাকে।'' আপনার মতামত জানিয়ে উক্তিটির সম্পর্কে আলোচনা করুন। চলতি খাতের লেনদেন এবং মূলধনী খাতের লেনদেনের মধ্যে পার্থক্য আলোচনা করুন। ৬ + ৬

(গ) প্রত্যক্ষ কর বলতে কি বোঝায় ? করের ভিত্তি কোন্ কোন্ বিষয়ের উপর নির্ধারিত হয় ব্যাখ্যা করুন। সঞ্চয়ের উপর আয়করের প্রভাব আলোচনা করুন।

২ + ৪ + ৬

(ঘ) সুবিধার নীতির মূল বক্তব্য কি ? সুবিধার নীতি প্রয়োগ করে বাওয়েন ও লিন্ডল কিভাবে বণ্টনের সমস্যার সমাধান দিয়েছেন তা আলোচনা করুন। ৪ + ৮

(ঙ) অবমূল্যায়ন কাকে বলে ? অবমূল্যায়নকে স্থিতিস্থাপকতার দৃষ্টিকোণ থেকে এবং পরিশোষণের দৃষ্টিকোণ থেকে আলোচনা করুন। ২ + ১০

(চ) আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের মূল উদ্দেশ্যগুলি আলোচনা করুন। এই উদ্দেশ্যগুলি কতটা সফল তা আলোচনা করুন। 'স্পেশাল ড্রইং রাইট'-এর প্রবর্তন স্বল্পোন্নত দেশগুলিকে তাদের লেনদেন ব্যালেন্সে ঘাটতি মেটাতে কতটা সাহায্য করেছে তা বর্ণনা করুন। ২ + ৬ + ৪

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) আন্তর্জাতিক বাণিজ্যের ভিত্তি হিসেবে অ্যাডাম স্মিথের চরম ব্যয় পার্থক্যের নীতিটি ব্যাখ্যা করুন। এই তত্ত্বের ত্রুটিগুলি আলোচনা করুন। ৪ + ২





(খ) আন্তর্জাতিক বাণিজ্য থেকে উদ্ভূত লাভের প্রকৃতি বিভিন্ন পরিস্থিতিতে কি রকম হয় তা আলোচনা করুন। এই লাভের বণ্টন বিভিন্ন অংশগ্রহণকারী দেশের মধ্যে কিভাবে ঘটে তা আলোচনা করুন। ৩ + ৩

(গ) সামাজিক দ্রব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। সামাজিক দ্রব্যের ভারসাম্য দাম কিভাবে নির্ধারিত হয় তা আলোচনা করুন। ২ + ৪

(ঘ) কি কি বিষয়ের ভিত্তিতে কোনো ব্যক্তির করযোগ্য আয় হিসাব করা হয় ? করভার কিভাবে পরিমাপ করা যায় ? ৩ + ৩

(ঙ) সরকারী ব্যয়ের উদ্দেশ্যগুলি কি কি ? সরকারি ব্যয়ের ক্ষেত্রে কি নীতি অনুসরণ করা হয় ? ৩ + ৩

(চ) কেন্দ্রীয় সরকার আঞ্চলিক সরকারকে যে অনুদান দিয়ে থাকেন তার উদ্দেশ্যগুলি বিস্তারিতভাবে উল্লেখ করুন। শর্তহীন অনুদান ও শর্তাধীন অনুদানের মধ্যে পার্থক্য করুন। ৩ + ৩

(ছ) বিনিময় হার বলতে কি বোঝায় ? কোন্ কোন্ বিষয় বিনিময় হারকে প্রভাবিত করে ? ৩ + ৩

(জ) যুক্তরাষ্ট্রীয় রাজস্ব ব্যবস্থা কাকে বলে ? এই রাজস্ব নীতি কি ধরনের সমস্যা সৃষ্টি করে ? ৩ + ৩

## English Version

1. Answer any *two* questions : 20 × 2 = 40

   (a) "Though the Ricardian theory and the Heckscher-Ohlin theory are apparently similar there lies a number of dissimilarities also." Discuss the main features of the two theories and make a comparative difference between the two.
   Explain how the theory of comparative cost difference is applicable in case of more than two goods. 10 + 10

   (b) How does a country control trade ? What is the effect of such a control on the economy ? In this context discuss the Stolper-Samuelson theorem. 4 + 6 + 10

   (c) What is Balance of Trade and Balance of Payments ? What is the relation between them ? Highlight the significance of Autonomous transaction and Accommodating transaction with examples and distinguish between the two. 5 + 5 +10





   (d) What do you understand by fiscal policy ? Discuss the role played by fiscal policy in economic development of a country. Discuss how by applying fiscal policy an economy can be saved from the fluctuations caused by the business cycle. 4 + 6 + 10

2. Answer any *three* questions : 12 × 3 = 36

   (a) In Ricardo's theory of comparative cost production cost is assumed to be fixed. But if there is an increasing cost explain how, with the help of the production possibility curve, the gains from trade arises.
   Explain whether the theory of comparative cost is applicable in case of more than two countries. 6 + 6

   (b) "Balance of payments always balances itself." Discuss the above statement giving your views. Discuss about the difference between Balance of Current Account and Balance of Capital Account. 6 + 6

   (c) What do you mean by direct tax ? Explain the factors for levying of direct tax. Discuss the effects of income tax on savings.
   2 + 4 + 6

(d) What are the features of Benefit theory ? Discuss how Bowen and Lindhal suggested the solution regarding distribution of taxes using this theory. 4 + 8

(e) What is devaluation ? Discuss devaluation from the point of view of elasticity approach and absorption approach. 2 + 10

(f) Discuss the main objectives of the IMF. Discuss how far the objectives were successful. Describe how far the introduction of 'Special Drawing Rights' have helped the less developed countries in compensating deficit in BOP. 2 + 6 + 4

3. Answer any *four* questions : 6 × 4 = 24

(a) Explain Adam Smith's theory of Absolute cost difference as a basis of International trade. Discuss the shortcomings of this theory. 4 + 2

(b) Discuss the nature of gains from trade in different situations arising from International trade. Discuss how the gains from trade are distributed among the different participating countries. 3 + 3





(c) Discuss the features of public goods. How is the equilibrium price of public goods determined ? 2 + 4

(d) What are the factors on which a person's taxable income is measured ? How is the burden of taxation measured ? 3 + 3

(e) What are the purposes of public expenditure ? Which policy is followed in case of public expenditure ? 3 + 3

(f) Discuss in detail the objectives of giving grants by the Central Government to the regional government. Distinguish between conditional grant and unconditional grant. 3 + 3

(g) What is meant by exchange rate ? What are the factors that affect exchange rate ? 3 + 3

(h) What do you understand by federal fiscal system ? What are the problems created by such a fiscal system ? 3 + 3